

স্পাইডার ম্যান ফিভার

ক'দিন আগে ওয়ার্ল্ড কাপ ফিভার শেষ হলেও স্পাইডার-ম্যান ফিভার শেষ হওয়ার কোনো ক্লু দেখা যাচ্ছে না। প্রায় দু' মাসের বেশি হয়ে গেলো ছবিটি মুক্তি পেয়েছে। কিন্তু এখনো ছবির প্রিমিয়ার হচ্ছে আমেরিকা-লন্ডনের বিভিন্ন শহরে। সেই প্রিমিয়ারে হলিউড তারকাদের ঢল নামছে। রিলিজের প্রথম দিনেই স্পাইডার-ম্যান ব্যবসা করেছে ৭৮ মিলিয়ন পাউন্ড, যেটি ইউএসএ বক্স অফিসের নতুন রেকর্ড। এখনো রেকর্ড পরিমাণ ব্যবসা করে যাচ্ছে ছবিটি সারা বিশ্বে। তা দেখে ধারণা করা হচ্ছে ব্যবসা সফলতায় স্পাইডার-ম্যান সৃষ্টি করতে যাচ্ছে আরো নতুন রেকর্ড। প্রথম ছবির সীমাহীন সাফল্য দেখে পরিচালক স্যাম রাইমি এরই মধ্যে ছবির সেকুয়াল তৈরিতে হাত দিয়েছেন। পাত্র-পাত্রী এবারের



নেল ম্যাকঅ্যাড্ড



স্পাইডার-ম্যান-এর দুই তারকা



বয়ফ্রেন্ডের সঙ্গে নাতাশা হ্যামিল্টন

তারকারাই- টোবি ম্যাগুয়ার ও কিস্টেন ডাঙ্গট। স্পাইডার-ম্যানের কল্যাণে এখন তারা হলিউডের হটস্ট স্টার। একের পর এক প্রিমিয়ার হচ্ছে ছবিটির, আর টোবি-ডাঙ্গট আকর্ষণের কেন্দ্রবিন্দুতে অবস্থান করছেন। এ পর্যন্ত সর্বশেষ স্পাইডার-ম্যান প্রিমিয়ার অনুষ্ঠিত হলো লন্ডনের ওডিওন লিসেস্টার স্কোয়ারে। প্রিমিয়ারে আসা তারকারা মেতে ছিলেন সব সময়ের মতো অঘোষিত এক ফ্যাশন ক্যাটওয়াকে। অনেক তারকার সঙ্গে বিশেষ করে গার্লব্যান্ড অ্যাটোমিক কিটেনের নাতাশা হ্যামিল্টন এসেছিলেন প্রেগন্যান্ট অবস্থায়, সঙ্গে লাইফ পার্টনার ফ্রান কজগ্রেভ। স্পাইডার-ম্যান দেখে দারুণ উচ্ছ্বসিত নাতাশা।

বিপাশার ব্রেকআপ

আর কোনো পার্টি নয়, রাত জেগে হই-হুল্লা নয়। মডেল-অভিনেত্রী বিপাশা বসু ঠিক করেছেন এখন থেকে শুটিং শেষে বাসায় ফিরে সোজা ঘুমুতে যাবেন। 'পার্টি নয়, এখন শুধু কাজ আর কাজ করাই আমার একমাত্র কাজ'— বলেন বিপাশা। তবে তার এই হঠাৎ সিদ্ধান্ত শুনে দুর্মুখেরা বলছেন অন্য কথা। তারা বলছেন, বয়ফ্রেন্ড ডিনোর সঙ্গে বিপাশার 'টেম্পোরারি সেপারেশনই' এর কারণ। অন্যদিকে মডেল মিলিন্দ সোমান এবং জন আব্রাহামের সঙ্গে অ্যাফেয়ার নিয়েও গুজবে জড়িয়েছেন এই বাঙালি কন্যা। গত প্রায় পাঁচ বছর ধরে ডিনোর সঙ্গে সম্পর্ক বিপাশার। ক'দিন আগে হঠাৎ একটি ভুল বোঝাবুঝিতে তাদের ব্রেকআপ হয়ে যায়। তবে তাদের বন্ধুবান্ধবরা বলছেন, দু'জনের একজন কমপ্রোমাইজ করলেই সব ঠিক হয়ে যাবে আবার বিপাশা-ডিনো হাতে হাত রেখে পথ হাঁটবেন। প্রশ্ন হচ্ছে, কমপ্রোমাইজটা করবে কে, ডিনো না বিপাশা?

শেখ মন্জু

